

💵 কুরআন ও হাদীছের আলোকে হজ্জ, উমরাহ ও মদীনা যিয়ারত

বিভাগ/অধ্যায়ঃ সপ্তম অধ্যায়

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

বদলী কংকর মারা

জামরাতে পাথর নিক্ষেপ করা হাজ্জের কার্যাবলীর একটি অন্যতম ইবাদাত এবং তা একটি অংশ। তাই সম্ভবপর হলে একাজ হাজীর নিজেই সম্পাদন করা ওয়াজিব, তার এ হাজ্জ ফর্য হোক কিংবা নফল। কারণ, আল্লাহ তা'আলা বলেন:

وَأَتِمُّواْ الْحَجَّ وَالْعُمْرَةَ لِلَّهِ

তোমরা আল্লাহর উদ্দেশ্যে হাজ্জ ও উমরা সম্পূর্ণ কর।[1]

অতএব কোন ব্যক্তি হাজ্জ ও উমরায় প্রবেশ করলে তা নফল হলেও সম্পূর্ণ করা ফরয। আর কোন হাজী যতক্ষণ কোন ব্যধি, বার্ধক্য বা অপ্রাপ্ত বয়স্ক হওয়া কিংবা অন্য কোন কারণে কংকর নিজেই নিক্ষেপ করতে অক্ষম না হবে ততক্ষণ তার জন্য অন্য কোন ব্যক্তিকে উকীল নিযুক্ত করা জায়েয় হবে না।

তবে প্রয়োজনে কংকর নিক্ষেপ করার জন্য এমন ব্যক্তিকে উকীল বানাবে যার আকীদা ও আমল ভাল। আর এ কংকর হাজী নিজেই কুড়িয়ে উকীলকে দিয়ে দিক অথবা উকীল নিজেই কংকর কুড়িয়ে নিয়ে অন্যের পক্ষ থেকে কংকর নিক্ষেপ করুক। আর উকীলের কংকর মারার পদ্ধতি হচ্ছে যে, উকীল প্রথম নিজের সাতটি কংকর মেরে নিয়ে অন্যের পক্ষ থেকে কংকর নিক্ষেপ করবে এবং যার পক্ষ হতে কংকর মারবে তার নাম উচ্চারণ করে বা মনে মনে নিয়াত করবে।

আর একই স্থানে দাঁড়িয়ে নিজের কংকর এবং অন্যের কংকর নিক্ষেপ করায় কোন বাধা নেই। কেননা নিজের তিনটি জামারাতে পাথর মারা সম্পূর্ণ করা তারপরে অন্যের পক্ষ থেকে পাথর নিক্ষেপ করা আবশ্যক নয়; কারণ, এর আবশ্যকতার কোন দলীল নেই।

¹¹>

ফুটনোট

[1] সূরা বাকারাঃ ১৯৬

Source — https://www.hadithbd.com/books/link/?id=9412

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন